আলমডাঙ্গায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনে প্রস্তুতি সভা

আলমডাঙ্গায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্টিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে ৩ টার দিকে উপজেলা পরিষদ হলরুমে এই সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার মোঃ লিটন আলী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান এ্যাডঃ সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু, সহকারী কমিশনার ভূমি হুমায়ন কবির, বীর মুক্তিযোদ্ধা ডাঃ শাহাবুদ্দিন।

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামিম রেজার উপস্থাপনায় বক্তব্য রাখেন সমাজসেবা কর্মকর্তা আফাজ উদ্দিন, শিক্ষা অফিসার আব্দুল বারি, বীর মু্ক্◌িতযোদ্ধা আলহাজ্ব শেখ নুর মোহাম্মদ জকু, উপজেলা সমবায় কর্মকর্তা মজিবর রহমান, খাদ্য কর্মকর্তা মোফাখাইরুল ইসলাম, আবাসিক প্রকৌশলী হাবিবুর রহমান, উপজেলা শিক্ষা কর্মকর্তা শামসুজ্জোহা,

ভিডিপি কর্মকর্তা রওশন আরা খাতুন, উপজেলা আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সম্পাদক ইয়াকুব আলী, সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কৃষিবিদ গোলাম সরোয়ার, বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান, মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ আশুরা খাতুন, ইউপি চেয়ারম্যান নুরুল ইসলাম, মৎস সম্প্রসারণ কর্মকর্তা মোছাঃ শাহিনা আক্তার, প্রকল্প কর্মকর্তা এনামুল হক প্রমুখ।

গাংনীতে গোদ রোগের উপর সামাজিক উদ্বুদ্ধকরণ সভা

‘গোদ রোগে যত্ন নিলে বিকলাঙ্গতা থেকে মুক্তি মেলে’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে গাংনীতে উপজেলা পর্যায়ে গোদ রোগের উপর সামাজিক উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুর সাড়ে ১২ টার দিকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সভাকক্ষে লেপ্রা বাংলাদেশ এবং স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন ফাইলেরিয়াসিস নির্মূল, কৃমি নিয়ন্ত্রণ ও ক্ষুদে ডাক্তার কার্যক্রম, রোগ নিয়ন্ত্রণ শাখার যৌথ বাস্তবায়নে এবং এসেন্ড প্রকল্প, ইউকেএইড এর আর্থিক ও কারিগরী সহায়তায় ১ দিনের কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

উদ্বুদ্ধকরণ সভায় গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার ডা. মো. রিয়াজুল আলমের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী পৌরসভার নব নির্বাচিত মেয়র আহম্মেদ আলী, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, গাংনী উপজেলা শিক্ষা অফিসার মো: আলাউদ্দীন প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতেই হামিদুল ইসলামের পরিচালনা ও উপস্থাপনায় পাওয়ার প্রেজেন্টেশনের মাধ্যমে গোদ রোগের লক্ষণ ও প্রতিকার সম্পর্কে সম্যক ধারণা তুলে ধরা হয়। লেপ্রা বাংলাদেশের দেয়া তথ্যানুযায়ী গাংনী উপজেলায় বর্তমানে ১৭ জন গোদ রোগী রয়েছে। এদের মধ্যে ১৪ জন মহিলা ও ৩ জন পুরুষ রোগী।

স্বাস্থ্য কমপ্লেক্সের ইউপিআই টেকনিশিয়ান আব্দুর রশীদের সঞ্চালনায় এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বামন্দী ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস, জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও ডা.সাদিয়া সুলতানা, ডা. তরুরাজ দাশ,

বিশিষ্ট ছড়াকার সহকারী অধ্যাপক রফিকুর রশীদ রিজভী, লেপ্রা বাংলাদেশ এর জেলা সমন্বয়ক আনোয়ার হোসেন, পিএসকেএস’র প্রকল্প পরিচালক কামরুজ্জামান, সন্ধানী স্কুল এন্ড কলেজের প্রতিনিধি

আখতারুজ্জামান, ধানখোলা ইউপি চেয়ারম্যান আখেরুজ্জামান, ষোলটাকা ইউপি চেয়ারম্যান মনিরুজ্জামান মনি, গাংনী উপজেলা প্রেস ক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম প্রমুখ।

সভায় সরকারী কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ, শিক্ষক, জনপ্রতিনিধি, সাংবাদিকসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সেচ্ছায় রক্তদান করলেন বিসিএল নেতারা

বাংলাদেশ ছাত্রলীগ (বিসিএল) এর উদ্যোগে মেহেরপুরে সেচ্ছায় রক্তদান কর্মসূচি পালন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সকালে বিসিএল এর কেন্দ্রীয় সহ-সভাপতি নুর-উছ-প্লাবন এর নেতৃত্বে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে এ রক্তদান কর্মসূচি পালন করা হয়।

জাতীয় বীর শহীদ কাজী আরেফ আহমেদ এর ২২তম হত্যা দিবস উপলক্ষে সেচ্ছায় রক্তদান করেন বিসিএল নেতারা।

রক্তদান কর্মসূচিতে অংশ নেন বিসিএল নেতা জুবায়ের, শাওন আহম্মেদ, সাব্বির, বাকি বিল্লাহ, তোতা মিয়া।

ভবিষ্যতে এই ধরনের কর্মসূচি পালন করা হবে বলে জানান বিসিএল এর কেন্দ্রীয় সহ-সভাপতি নুর-উছ-প্লাবন।

এছাড়াও তিনি বলেন, রক্তের প্রয়োজনে জনসাধারণের জন্য সব সময় প্রস্তুত বিসিএল নেতা-কর্মীরা।

কুষ্টিয়ায় ছিনতাইকারী দলের মূলহোতাসহ আটক ৭

কুষ্টিয়ার মিরপুর থানা পুলিশের অভিযানে ছিনতাইকারী দলের মূলহোতাসহ ৭ জনকে আটক করা হয়েছে।

গতকাল মঙ্গলবার দুপুরে মিরপুর থানায় এক সংবাদ সম্মেলনে কুষ্টিয়ার সিনিয়র অতিরিক্ত পুলিশ সুপার আজমল হোসেন এ তথ্য জানিয়েছেন।

আটককৃতরা হলো- মানিকগঞ্জ জেলার চর ঘোস্তা এলাকার মো: আলতাফ হোসেন ব্যপারীর ছেলে লিটন ব্যাপারী (২০), বরিশাল জেলার আগুন ঝরা উপজেলার চেঙ্গুটিয়া গ্রামের মৃতঃ মহব্বত আলীর ছেলে ওয়াহিদ আলম (৩৮), মাগুরা জেলার রাওতলা গ্রামের হাফিজার বিশ্বাসের ছেলে মো: সাইদুল ইসলাম, পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার চর গরগরি গ্রামের ইজাব আলী মন্ডলের ছেলে শুকনাল ওরফে শুকুর আলী (২৫) একই উপজেলার বাবুলচারা গ্রামের আব্দুল ওহাব খাঁনের ছেলে আরাফাত হোসেন (১৯), বাশের বাধা গ্রামের আপাল প্রামানিকের ছেলে ইমন প্রামানিক এবং নেত্রকোনা জেলার কেন্দুয়া উপজেলার মাসকা পশ্চিমপাড়া গ্রামের কাজিম উদ্দিনের ছেলে ওসমান গণি (৩০)।

সংবাদ সম্মেলনে কুষ্টিয়ার সিনিয়র অতিরিক্ত পুলিশ সুপার আজমল হোসেন বলেন, গত ৩১ জানুয়ারি রাত সাড়ে ৩টার দিকে পাবনা জেলার শহিদুল ইসলাম পাবনার টেবুনিয়া বাজারে সাইদুলের আড়ৎ থেকে শ্যালো ইঞ্জিন চালিত আলগামনে ৭০৪ খাচি ডিম নিয়ে আসার সময় কুষ্টিয়ার মিরপুর উপজেলার নয় মাইল নামক স্থানে পৌঁছলে তার গাড়িসহ ডিম ছিনতাই হয়।পরে শহিদুল ইসলাম মিরপুর থানায় একটি মামলা দায়ের করেন।

তিনি আরও বলেন, মামলার পর সিসিটিভির ফুটেজ দেখে অভিযুক্তদের শনাক্ত করা হয়। এরপর মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা সঙ্গীয় ফোর্স নিয়ে বিভিন্ন জেলায় অভিযান চালিয়ে ছিনতাইকারী দলের মূলহোতাসহ ৭ জনকে আটক করেন। এছাড়াও ছিনতাইকৃত আলগামন ও ছিনতাই কাজে ব্যবহৃত ১টি ট্রাক জব্দ করা হয়েছে।

কালীগঞ্জে দৈনিক আমার সংবাদ-এর ৮ম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহের কালীগঞ্জে জাতীয় দৈনিক আমার সংবাদ পত্রিকার ৯ম বছরে পদার্পণ উপলক্ষে দোয়া মাহফিল, কেক কাটা ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল ১১ টায় দৈনিক আমার সংবাদের কালীগঞ্জ প্রতিনিধি শাহ আলমের সভাপতিত্বে কালীগঞ্জ প্রেস ক্লাবে এ প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ, বিশেষ অতিথি কালীগঞ্জ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক ও দৈনিক মানবজমিন পত্রিকার সাংবাদিক তোফাজ্জল হোসেন তপু, উপদেষ্টা ও আর টিভির জেলা প্রতিনিধি শিপলু জামান, একাত্তর টিভির মিশন আলী, দৈনিক যুগান্তর পত্রিকার শাহরিয়ার আলম সোহাগ,

অর্থ ও দপ্তর সম্পাদক ও মেহেরপুর প্রতিদিন পত্রিকার তানজির রহমান তকি, জাগরণী টিভির সাংবাদিক নাজমুল হাসন, দৈনিক আলোর দিগন্ত পত্রিকার মতিয়ার রহমান, ব্লাড ব্যাংক আফ কালীগঞ্জ এর সভাপতি স্বাধীন ইসলাম, সাধারণ সম্পাদক আশিক এলাহী প্রমুখ।
এ সময় বক্তারা দৈনিক আমার সংবাদ পত্রিকার সাফল্য কামনা করেন।

মেহেরপুরে কমছে আবাদি জমি

এম এফ রুপক:
মেহেরপুরে আশঙ্কাজনক হারে কমছে আবাদি জমির পরিমাণ। অপরিকল্পিত পুকুর খনন, ইট ভাটায় মাটি বিক্রি, সরকারিভাবে জমি অধিগ্রহণসহ বিভিন্ন ধরনের মাটির ব্যবহারে কমেছে এই আবাদি জমি। মেহেরপুর জেলা পরিসংখ্যান অফিসের তথ্য অনুযায়ী ২০১৯ সালেই কমেছে ৪ ভাগ জমির পরিমাণ। তবে গত ২০২০ সাল থেকে চলতি বছর পর্যন্ত এর পরিমাণ বৃদ্ধি

পেতে পারে বলে ধারনা করছে পরিসংখ্যান অফিস।

মেহেরপুর জেলায় মোট আবাদি জমির পরিমাণ ছিল ৫৯ হাজার ৬শ ৭৩ হেক্টর। বর্তমানে রয়েছে ৫৭ হাজার ২শ ৮৬ হেক্টর। গত এক বছরে কমেছে ২ হাজার ৩শ ৮৭ হেক্টর। তবে আবাদি জমির পরিমাণ কমে যাওয়ার পিছনে অন্যতম প্রধান কারণ হিসেবে দেখা হচ্ছে ইট ভাটায় মাটি বিক্রিকে। মেহেরপুরে ছোট বড় মিলে ১১৪ টি ইট ভাটা রয়েছে। যেগুলোর মাটি সরবরাহ করা হয় বিভিন্ন জমি থেকে। মাটি সংকটের কারণে চড়া দামে চাষিদের কাছ থেকে আবাদি জমির মাটি কিনে নিচ্ছে ভাটামালিকরা। বিঘা প্রতি ১লাখ টাকা পর্যন্ত দাম দিচ্ছে তারা।

মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামের কাউসার গোভীপুর-হরিরামপুর সড়কের পাশে ৩ বিঘা আবাদি জমির মাটি ৩ লাখ টাকায় ভাটায় বিক্রি করেছেন। বুড়িপোতা ইউনিয়ন পরিষদের সামনে প্রায় দশ বিঘা জমির মাটি ১০ লাখ টাকার বিনিময়ে ইট ভাটায় বিক্রি করছেন জমির মালিক বাড়িবাকা গ্রামের বাবু হাজী। এছাড়াও বাড়িবাকা গ্রামে বিপ্লব নামের এক ব্যক্তি একই কায়দায় মাটি বিক্রি করেছেন ২ বিঘা জমির। সদর উপজেলার শ্যামপুর গ্রামের কাজল নামের এক ব্যক্তি ২ বিঘা উছতি ভুট্টার ক্ষেত কেটে সেই জমির মাটি বিক্রি করেছে ইট ভাটায়। মুজিবনগর উপজেলার জয়পুর-তারানগর মাঠে ৩৩ বিঘা জমির মাটি বিক্রি হয়েছে ৩৩ লাখ টাকায়। গাংনী উপজেলায় এর পরিমাণ আরও বেশি। এই উপজেলার বাবুরপাড়া, জোড়পুকুরিয়ায় চলছে মাটি কাটার মহোৎসব।

কোন রকম নিয়ম নীতির তোয়াক্কা না করেই কাটা হচ্ছে মাটি। ফলে পাশ^বর্তী ফসলি জমিগুলো পড়ছে হুমকির মুখে।

পাশ^বর্তী বেশ কয়েকজন জমির মালিক জানান, প্রত্যেক দিন ৮০ থেকে ১০০ গাড়ি মাটি উত্তোলন করে সেই মাটি ট্রাক্টর দিয়ে বহন করে নেওয়া হচ্ছে আশেপাশের বিভিন্ন ভাটায়। মাটি কাটার কারণে আমাদের ফসলি জমিগুলো বিনষ্ট হচ্ছে।

জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক স্বপন কুমার খাঁ বলেন, জমির পরিমাণ কমে যাওয়াটা উদ্বেগজনক। মেহেরপুর যেহেতু কৃষি নির্ভর এলাকা, সেহেতু কৃষিকে বাচাঁতে হলে অবৈধভাবে জমির চরিত্র বদল করা বন্ধ করতে হবে।

এ বিষয়ে জেলা প্রশাসক ড. মুনুসর আলম খান বলেন, কৃষি জমি কমে যাওয়াটা ভাবনার বিষয়। সে ক্ষেত্রে আমরা অত্যন্ত গুরুত্ব সহকারে বিষয়টি দেখছি। যেহেতু কৃষি জমি কমে যাওয়ার অন্যতম কারণ হিসেবে

দেখা হচ্ছে ইট ভাটায় মাটি বিক্রি। সে দিক বিবেচনা করে বর্তমান সরকার ইটের পরিবর্তে কংক্রিটের ব্লক তৈরির ব্যাপারে ভাবছে। এই ব্লক সিস্টেম চালু হলে ইটের ব্যবহার কমবে, এতে মাটির ব্যবহারও কমবে।

৪০ দিন জামায়াতের সঙ্গে নামাজ পড়ে বাইসাইকেলসহ বিভিন্ন পুরস্কার পেলো শিশুরা

কুষ্টিয়ার কুমারখালীতে নামাজের প্রতি আগ্রহ সৃষ্টির উদ্দেশে ৪০ দিন জামায়াতের সঙ্গে নামাজ পড়লেই প্রতি ওয়াক্তে কিছু না কিছু খাবার পরিবেশন এবং ৪০ দিনের মাথায় বাইসাইকেলসহ বিভিন্ন আকর্ষণীয় পুরস্কার দেয়া হয়েছে।

এমনই মহতী উদ্যোগ নিয়েছেন কুমারখালীর মো. নুরুল ইসলাম সোনা।

সোমবার (১৫ ফেব্রুয়ারি) ৪০ দিনের মাথায় চাউলকোটা জামে মসজিদ প্রাঙ্গণে কেরাত ও ইসলামি সঙ্গীত প্রতিযোগিতায় দুই গ্রুপের ২২ জনের মাঝে বাইসাইকেলসহ বিভিন্ন আকর্ষণীয় পুরস্কার দেয়া হয়েছে।

‘এসো বন্ধু নামাজ পড়ি কোরআন দিয়ে জীবন গড়ি’ শ্লোগানকে সামনে রেখে গত ৫ জানুয়ারি থেকে প্রতিযোগিতা শুরু হয় চাউলকোটা জামে মসজিদে। ক গ্রুপে ১২ বছর বয়সী এবং খ গ্রুপে ১৮ বছর বয়সী ৪০ জন প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। পরবর্তীতে প্রতিযোগিতায় ২২ জন টিকে থাকে এবং ১৪ ফেব্রুয়ারি তাদের মধ্যে দুটি গ্রুপে কেরাত ও ইসলামি সঙ্গীতের প্রতিযোগিতা হয়।

ক গ্রুপে ৭ বছর বয়সী আব্দুল্লাহ কেরাতে ও মো. জাকারিয়া খান ইসলামী গানে প্রথম স্থান অধিকার করেন। এবং খ গ্রুপে মো. সাঈদ হাসান কেরাতে ও মো. আরাফাত ইসলামি গানে প্রথম হয়। দুটি গ্রুপের প্রথম স্থান অধিকারী ৪ জনকে বাইসাইকেল পুরস্কার দেয়া হয়। এছাড়া বিদেশি কম্বল সহ বিভিন্ন আকর্ষণীয় পুরস্কার অংশগ্রহণকারী ৪০ জনের

মাঝে দেয়া হয়। অনুষ্ঠানে প্রধান আকর্ষণ ছিলেন ড. হাই মুহা. সাইফুল্লাহ। তিনি বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন।

উদ্যোক্তা মো. নুরুল ইসলাম সোনা বলেন, সবাইকে নামাজের প্রতি আগ্রহী করার জন্যই আমাদের এই পদক্ষেপ। প্রতিবছরই এমন অনুষ্ঠানের আয়োজন করা হবে। কুমারখালীর সহৃদয় ব্যক্তিদের আর্থিক সহায়তায় অনুষ্ঠানটি সফল করতে পেরেছি। তবে অনুষ্ঠানের পরিসমাপ্তির মধ্যে দিয়ে আয়োজন শেষ হয়ে যায়নি। সারা বছর প্রতি শুক্রবার চাউলকোটা জামে মসজিদে ৫ ওয়াক্ত নামাজেই উপস্থিতিদের মাঝে খাবার দেয়া হবে।

অভিজিৎ হত্যা: মেজর জিয়াসহ ৫ জনের মৃত্যুদণ্ড

ব্লগার ও লেখক অভিজিৎ হত্যা মামলায় পাঁচজনের মৃত্যু দিয়েছেন আদালদত। এছাড়া অপর আসামির যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছে।

ঢাকার সন্ত্রাসবিরোধী বিশেষ ট্রাইব্যুনালের বিচারক মজিবুর রহমান মঙ্গলবার সকালে এ রায় ঘোষণা করেন।

রায় ঘোষণার আগে কাশিমপুর কারাগারে থাকা চার আসামিকে আদালতে হাজির করা হয়। এ মামলার দুই আসামি পলাতক রয়েছেন।

দণ্ডিতরা হলেন-মেজর (চাকরিচ্যুত) সৈয়দ মোহাম্মদ জিয়াউল হক ওরফে জিয়া, মোজাম্মেল হুসাইন ওরফে সায়মন (সাংগঠনিক নাম শাহরিয়ার), আবু সিদ্দিক সোহেল ওরফে সাকিব ওরফে সাজিদ ওরফে শাহাব, আকরাম হোসেন ওরফে আবির, আরাফাত রহমান।

যাবজ্জীবনপ্রাপ্ত আসামি হলেন শফিউর রহমান ফারাবি।

মৃত্যুদণ্ডপ্রাপ্তদের মধ্যে জিয়াউল হক ও আকরাম হোসেন শুরু থেকেই পলাতক।

অভিজিৎ রায়কে ২০১৫ সালের ২৬ ফেব্রুয়ারি রাত সোয়া ৯টার দিকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) টিএসসি এলাকায় সোহরাওয়ার্দী উদ্যানের

পাশে সন্ত্রাসীরা কুপিয়ে জখম করে।

আহত অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে নেয়া হলে ওইদিন রাত সাড়ে ১০টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান।

২৭ ফেব্রুয়ারি অভিজিতের বাবা বিশিষ্ট শিক্ষাবিদ অজয় রায় শাহবাগ থানায় হত্যা মামলা করেন।

২০১৯ সালের ১৩ মার্চ ঢাকা মহানগর হাকিম সরাফুজ্জামান আনসারীর আদালতে ছয়জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করেন মামলার তদন্ত কর্মকর্তা পুলিশের কাউন্টার টেরোরিজম ইউনিটের পরিদর্শক মনিরুল ইসলাম।

মামলায় ৩৪ জন সাক্ষীর মধ্যে ২৮ জন সাক্ষ্য দেন। ৪ ফেব্রুয়ারি ঢাকার সন্ত্রাসবিরোধী বিশেষ ট্রাইব্যুনালের বিচারক মজিবুর রহমান রাষ্ট্র ও আসামিপক্ষের যুক্তি উপস্থাপন শেষে রায় ঘোষণার জন্য ১৬ ফেব্রুয়ারি দিন ধার্য করেন।

জীবননগরে সড়ক দুর্ঘটনায় মোটরসাইকেল আরোহী গুরুত্বর আহত

জীবননগরে সড়ক দুর্ঘটনায় এক মোটরসাইকেল আরোহী গুরুত্বর আহত হয়েছে।
গতকাল সোমবার সন্ধা সাড়ে ৭টার সময় জীবননগর উপজেলার উথলী ইউনিয়নের সন্তোষপুর গ্রামে এ ঘটনা ঘটে।
আহত মোটরসাইকেল আরোহী সন্তোষপুর গ্রামের কাসেম গাজীর ছেলে জাকির হোসেন (৫০)।
স্থানীয় সুত্রে জানা গেছে, সোমবার বিকালে সন্তোষপুর থেকে মানিকপুর মাঝামাঝি রাস্তার মধ্যে ব্রীজ নির্মানের জন্য রাস্থার মাঝখানে খনন করা ছিল রাতের আধারে দেখতে না পাওয়ায় এ বিপত্তি ঘটেছে।

এ সময় পথচারীরা আহত ব্যাক্তিকে উদ্ধার করে চিকিৎসার জন্য জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্◌ের ভর্তি করেন।
জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. পার্থ সারথীপাল বলেন, রোগীর মাথায় প্রচন্ড আঘাত লেগেছে তাকে চিকিৎসা দেওয়া হয়েছে এখন অনেকটা আশস্কমুক্ত।

গাংনীতে অবৈধ ইটভাটা পুড়ছে কাঠ নষ্ট হচ্ছে রাস্তা ঘাট

গাংনী উপজেলার বিভিন্ন স্থানে গড়ে উঠেছে অবৈধ ইটভাটা। কয়লার বদলে পুড়ানো হচ্ছে কাঠ নষ্ট হচ্ছে রাস্তা ঘাট। দেশে আইন থাকলেও প্রয়োগ না থাকায় জনমনে নানা প্রশ্ন দেখা দিয়েছে। প্রতিদিন গাংনী উপজেলার বিভিন্ন গ্রামের আবাদি জমি থেকে মাটি ব্যবসায়ীরা ট্রলি করে রাস্তার উপর দিয়ে হাজার হাজার মাটির গাড়ী নিয়ে ভাটায় মাটি বিক্রয় করছে এর ফলে রাস্তার উপর মাটি পড়ে সড়ক দুর্ঘটনা ঘটছে। কোন ইটভাটায় পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র না থাকায় অভিযোগে গত ১৯ জানুয়ারি গাংনী উপজেলার ৫৮টি ভাটার মধ্যে মাত্র ১০টি ইটভাটাকে ৬৫ লক্ষ টাকা জরিমানা করেন। যার প্রভাব পড়েছে সাধারণ মানুষের উপর।

স্থানীয় সূত্রে থেকে জানা গেছে, পরিবেশ অধিদপ্তরের একজন কর্মকর্তা বাকী ৪৮টি ইটভাটা থেকে মোটা অংকের উৎকোচ গ্রহণ করার করণে অন্যন্যভাটায় জরিমানা আদায় বন্ধ রয়েছে। ১০টি ইটভাটায় ৬৫ লক্ষ টাকা জরিমানা করার কারণে ভাটা মালিকরা ইটের দাম গাড়ী প্রতি ২হাজার টাকা বাড়িয়েছে।

পরিবেশে সবুজের পরিমান বাড়াতে কার্বন ডাই অক্সাইডের পরিমাণ কমাতে মুজিব শতবার্ষিকী উপলক্ষে বৃক্ষরোপণ কর্মসূচির আওতায় আনা হয়েছে বাংলাদেশকে কিন্ত এ যেন স্রোতের মুখে বালির বাঁধ।

প্রাপ্ত তথ্যমতে, গাংনী উপজেলায় মোট ৫৮ টি ইটভাটা রয়েছে বেশীরভাগ ইটভাটায় পরিবেশ সংরক্ষণ আইনে বৈধতার কোন কাগজ পত্র নাই। এর মধ্যে ২৩ টি ইটভাটার সাময়িক সনদ পত্র থাকলেও বাকি ৩৫টি ইটভাটার কোন অনুমোদন নেই।

করে। এতে ফসলী জমির উর্বরা শক্তি নষ্ট হয়।

শুধু তাই নয়, ইটভাটার নির্গত কালো ধোঁয়ায় এলাকার পরিবেশ নষ্ট হচ্ছে ও আবাদি জমির ফসল নষ্ট হচ্ছে। কোন ইটভাটায় অনুমতিপত্রের শর্তানুযায়ী এক টুকরা কয়লা ব্যবহার করা হয় না।ব্যবহার করা হয় কাঠ। বিশেষ করে ফলজ ও বনজ বৃক্ষ ছাড়াও বাঁশের মোথা ব্যবহারের ফলে বাঁশঝাড় উজাড় হচ্ছে।

সরকারী নির্দেশনা উপেক্ষা করে এসকল ইটভাটায় কয়লার বদলে কাঠ ব্যবহার করা হচ্ছে।মাঝে মধ্যে প্রশাসনের লোকজন জরিমানা আদায় করলেও ইটভাটা বন্ধ করেনা। ফলে প্রভাবশালীরা প্রতি বছর নতুন নতুন ইটভাটা তৈরী করছে।

গাংনী উপজেলা ইটভাটা মালিক সমিতির সভাপতি এনামুল হক বলেন, সরকারী ভাবে কাঠ পোড়ানো নিষেধ রয়েছে তার পরেও আমরা কাঠ জ্বালানী হিসাবে ব্যবহার করছি। পার্শ্ববর্তী কুষ্টিয়া জেলার বিভিন্ন ইটভাটায় কাঠ পোড়ানো হচ্ছে।
রাস্তার উপর মাটি পড়ে রাস্তা নষ্ট হওয়ার বিষয়ে ভাটা মালিক সমিতির সাধারণ সম্পাদক মনিরুজ্জামান আতু বলেন, আমাকে গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা একটি চিঠি দিয়েছে আমি সকল ভাটা মালিকদের নির্দেশ দিয়েছি।রাস্তা পরিশস্কার না করলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেবে।

এছাড়াও বিভিন্ন মিলে কাঠ পোড়ানো হচ্ছে।বাংলাদেশে সবজায়গায় অনিয়মের মাধ্যমে কাজ চলছে। সরকার ২৫সালের মধ্যে সকলঅবৈধভাটা বন্ধ করে দেওয়ার নির্দেশ দিয়েছে। আবাদি জমিতে ও স্কুলের পার্শে ভাটা নির্মানের ব্যাপারে জানতে চাইলে তিনি বলেন, আমি নিজে ভাটপাড়া স্কুলে পার্শ্বে ভাটা নির্মানে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে অবগত করেছিলাম সেখানে ভাটা নির্মাণ করেছে।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা রিয়াজুল আলম জানান, ইটভাটায় নির্গত কালো ধোঁয়ায় মানুষের শ্বাসকষ্ট, হাপানি, ক্যান্সারসহ নানা রোগের সৃষ্টি হয়। তাছাড়াঅতিরিক্ত কার্বণ-ডাই অক্সাইডের কারণে ফসল ও এলাকার পরিবেশ নষ্ট হয়। অনতি বিলম্বে পরিবেশ রক্ষায় প্রশাসনিক পদক্ষেপ জরুরী।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ বলেন, কোন ব্যাক্তি যদি আবাদি ফসলী জমিতে বা স্কুলের পার্শে ইটভাটা নির্মান করে তাহলে তদন্ত করে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এ

ব্যাপরে পরিবেশ অধিদপ্তরের কুষ্টিয়া জেলা কার্যালয়ের উপপরিচালক মো: আতাউর রহমানের সাথে মোবাইল যোগাযোগ করা হলে তিনি ফোন ধরেনি।

ইটভাটার ব্যাপারে জানতে চাইলে মেহেরপুর জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, আমি একটি মিটিংয়ে রয়েছি পরে কথা বলা হবে।

এব্যাপারে পরিবেশ অধিদপ্তরের খুলনা বিভাগীয় পরিচালক সাইফুর রহমান খান বলেন যে সকল উটভাটায় পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র নেই।সেই সকল ভাটায় আমাদের কর্মকর্তা মনিটরীং করছে।

এছাড়াও ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হচ্ছে। বিয়ষটি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।